১০ জনের রিয়ালকে হারের হাত থেকে বাঁচাল এমবাপ্পের জোড়া পেনাল্টি

কিলিয়ান এমবাপ্পের জোড়া পেনাল্টিতে চ্যাম্পিয়নস লিগে জয় দিয়ে যাত্রা শুরু করেছে রিয়াল মাদ্রিদ। মঙ্গলবার রাতে ১৫ বারের রেকর্ড চ্যাম্পিয়নরা ২-১ গোলে ঘুরে দাঁড়িয়ে হারিয়েছে অলিম্পিক মার্শেইকে।

ম্যাচের শুরুটা ভালো ছিল অতিথি মার্শেইয়ের জন্য। মেসন গ্রিনউড বল কাড়েন আর্দা গুলারের কাছ থেকে এবং টিমোথি উইয়াহকে পাস দেন। তিনি ঠান্ডা মাথায় গোলরক্ষক থিবো কোরতোয়ার পাশ দিয়ে বল পাঠান জালে। মার্শেইয়ের জার্সিতে এটাই ছিল তার প্রথম গোল।

এরপরই ম্যাচে উত্তেজনা তৈরি হয়। একের পর এক আক্রমণ চালালেও প্রথমার্ধে গোলের দেখা পায়নি রিয়াল। অবশেষে রদ্রিগো গোয়েসকে জিওফ্রে কন্দগবিয়া ফাউল করলে পেনাল্টি পায় মাদ্রিদ। সেখান থেকে নির্ভুল শটে গোল করেন এমবাপ্পে।

দ্বিতীয়ার্ধে মার্শেইও চেষ্টা চালিয়ে যায়। পিয়েরে এমেরিক অবামেয়াংয়ের শট অল্পের জন্য বাইরে যায়। পরে কোরতোয়া তাঁকে আরও একবার গোল বঞ্চিত করেন।

এ সময় ম্যাচের রঙ পাল্টে যায় দানি কারভাহালের কারণে। মার্শেইয়ের গোলরক্ষক জেরোনিমো রুইয়ির সঙ্গে ধাক্কাধাক্কিতে জড়িয়ে পড়েন তিনি। মাথা ঠেকিয়ে দেওয়ায় লাল কার্ড দেখেন কারভাহাল। ফলে ১০ জন নিয়ে মাঠে নামতে হয় মাদ্রিদকে।

তবু নাটক বাকি ছিল। ভিনিসিয়ুস জুনিয়রকে থামাতে গিয়েছিলেন মার্শেইয়ের ডিফেন্ডার ফাকুন্ডো মেদিনা। রেফারির মনে হয় বল লেগেছে হাতে, পেনাল্টির বাঁশি বাজান তিনি। সেখান থেকে আবারও গোল করে রিয়ালকে জয়সূচক লিড এনে দেন এমবাপ্পে।

রিয়ালের কোচ জাবি আলোনসোর জন্য এটি ছিল ইউরোপীয় আসরে প্রথম ম্যাচ। সে লড়াইয়ে শেষ পর্যন্ত ২-১ গোলের জয়ে পূর্ণ তিন পয়েন্ট নিয়েই মাঠ ছাড়ে রিয়াল মাদ্রিদ। এই জয়ে নতুন মৌসুমে ইউরোপীয়

□□□□□□□□ □□□ □□□□□□ □□□□ □□□□□□□